প্রথম আলো

তারিখ 03 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

## প্রশিক্ষণ শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পাঁচ দিনব্যাপী জরুরি পরিস্থিতিতে সন্ধান ও উদ্ধার-বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি গতকাল রোববার থেকে শুরু হয়েছে। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সহযোগিতায় এই প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ৩২ জন শিক্ষার্থী অংশ্ নিচ্ছেন। বিশ্ববিদ্যালয়ের পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউটে সকালে প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন সহ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান। সেখানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-উপদেষ্টা অধ্যাপক মো. মিজানুর রহমান উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে ইন্টারন্যাশনাল কমিটি অব রেডক্রসের একজন অস্ট্রেলীয় প্রশিক্ষকসহ ছয়জন প্রশিক্ষণ দিচ্ছেন। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উপপরিচালক মো. জিয়াউল আহসান এবং প্রশিক্ষণ বিভাগের সহকারী পরিচালক সাবিনা ইয়াসমিন প্রশিক্ষণ কর্মসূচি সমন্বয় করছেন।

● রাজশাহী প্রতিনিধি